সং: প্রোগ্রামার
৩০/০৮/১৭

বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বেসরকারিকরণ ও বিরাষ্ট্রীয়করণ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

**বিষয়:** বিরাষ্ট্রায়ত্ত পাটকল ও বস্ত্রকলসমূহে সরকারি এবং বেসরকারি মালিক/শেয়ার হোল্ডারদের কি পরিমাণ শেয়ার রয়েছে তা পর্যালোচনার জন্য ১৭.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মির্জা আজম, এম.পি<br>মাননীয় প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| স্থান | : | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| তারিখ | : | ১৭.০৮.২০১৭ খ্রি. |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "ক"-তে আছে।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বেওবি) সভাকে জানান যে, Banglades Industrial Enterprises (Nationalisation) order, 1972 অনুসারে ৭৮টি পাটকল বাংলাদেশ জুট মিলস্ করপোরেশন (বিজেএমসি) এর আওতায় এবং ৭১টি বস্ত্রকল বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি) এর আওতায় আনা হয়। ২৭ সেপ্টেম্বর ১৯৮২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত তৎকালীন শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়ের পাট বিভাগের জেডি/আইসি/টিজেএম-১/৮২ সংখ্যক আদেশ মোতাবেক বিজেএমসির আওতাভুক্ত ৭৮ টি পাটকলের মধ্যে ৩৫টি পাটকল সাবেক মালিকদের নিকট হস্তান্তর করা হয়। অপরদিকে ২৭ সেপ্টেম্বর ১৯৮২ সালে শিল্প মন্ত্রণালয়ের আদেশ নং-আইএনডি.ডিআইভি(আইসি)টিটিএম-১ সংখ্যক আদেশ মোতাবেক বিটিএমসির আওতাভুক্ত ৭১টি মিলের মধ্যে ৩৫টি বস্ত্রকল সাবেক মালিকদের নিকট হস্তান্তর করা হয় (তালিকা সংযুক্ত)। উভয় ক্ষেত্রে হস্তান্তরকালে কোম্পানি আইন, ১৯১৩ (Vii of 1913) বিধানমতে সরকার ও সাবেক মালিকদের সাথে দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক চুক্তি স্বাক্ষরপূর্বক মিলগুলো ব্যক্তিমালিকানায় হস্তান্তর করা হয়।

০২. তিনি সভাকে আরো জানান যে, হস্তান্তরিত পাটকল ও বস্ত্রকলসমূহের সাবেক মালিকদের সাথে স্বাক্ষরিত চুক্তি তৎকালীন শিল্প মন্ত্রণালয়ের মধ্যে সম্পাদিত হওয়ায় এ সকল মিলে সরকারি ও বেসরকারি মালিক/শেয়ার হোল্ডারদের শেয়ারের পরিমাণ কত তার সঠিক তথ্য এ মন্ত্রণালয়ে এবং অধীনস্থ সংস্থা বিজেএমসি ও বিটিএমসিতে নেই। তৎপ্রেক্ষিতে বিটিএমসি, বিজেএমসি এবং মন্ত্রণালয় হতে বহুবার রেজিস্ট্রার, জয়েন্ট স্টক এন্ড ফার্মসসমূহের কার্যালয়কে অনুরোধ করা হলেও উক্ত দপ্তর হতে কোন তথ্য পাওয়া যায়নি। অতিরিক্ত সচিব (বেওবি) এর বক্তব্যের প্রেক্ষিতে সচিব মহোদয় চেয়ারম্যান, বিজেএমসি ও বিটিএমসির নিকট বেসরকারি মালিকানায় হস্তান্তরিত মিলের শেয়ার সংক্রান্ত তথ্য জানতে চাইলে চেয়ারম্যান, বিজেএমসি বলেন তাদের কাছে তথ্য আছে। তবে তা জয়েন্ট স্টক এন্ড ফার্মসসমূহের সাথে যাচাই করা প্রয়োজন। অপরদিকে চেয়ারম্যান, বিটিএমসি জানান যে, তাদের কাছে শেয়ার সংক্রান্ত কোন তথ্য নেই।

০৩. এ প্রেক্ষিতে অতিরিক্ত সচিব (বেওবি) সভাকে আরো জানান যে, বেসরকারি মালিকানায় হস্তান্তরিত পাটকল ও বস্ত্রকলসমূহে সরকারি ও বেসরকারি শেয়ার এবং মালিকানা সংক্রান্ত সঠিক তথ্য না থাকায় বিভিন্ন ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে জটিলতা দেখা দিচ্ছে। এটি নিরসনের লক্ষ্যে রেজিস্টার, জয়েন্ট স্টক এন্ড ফার্মসসমূহের কার্যালয় হস্তান্তরিত পাটকল ও বস্ত্রকলসমূহের সরকারি ও বেসরকারি শেয়ার এবং মালিকানা সংক্রান্ত সঠিক তথ্য সরবরাহের জন্য রেজিস্টার, জয়েন্ট স্টক এন্ড ফার্মসসমূহের কার্যালয়ের সহযোগিত প্রয়োজন।

০৪. অতিরিক্ত সচিব (বেওবি) এর বক্তব্যের প্রেক্ষিতে রেজিস্টার, জয়েন্ট স্টক এন্ড ফার্মসসমূহের কার্যালয়ের অতিরিক্ত রেজিস্ট্রার (যুগ্মসচিব) জনাব সন্তোষ কুমার পন্ডিত বলেন যে, জয়েন্ট স্টক এন্ড ফার্মসসমূহের কার্যালয় ২০০৯ সাল হতে নিবন্ধিত কোম্পানির যাবতীয় তথ্য অটোমশনের মাধ্যমে সংরক্ষণ করে আসছে। বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে ৩৫টি পাটকল ও ৩৫টি বস্ত্রকলের তালিকা পাওয়া গেছে। তালিকা অনুযায়ী এ সকল মিলের সরকারি ও বেসরকারি মালিকদের শেয়ার সংক্রান্ত তথ্য প্রস্তুত করার জন্য অন্তত ০১ (এক) মাস সময় প্রয়োজন। কারণ ২০০৯ সালের পর যে সকল কোম্পানি তাদের হালনাগাদ তথ্য অত্র অফিসে সরবরাহ করেনি সে সকল কোম্পানির তথ্য ম্যানুয়েল পদ্ধতিতে আর্কইভে সংরক্ষিত নথি হতে বের করতে হবে। এ পর্যায়ে সচিব মহোদয় বিজেএমসি এবং বিটিএমসির চেয়ারম্যানকে জয়েন্ট স্টক এন্ড ফার্মসসমূহের কার্যালয় এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ এবং সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন। চেয়ারম্যান, বিজেএমসি জানান যে, এ কাজের জন্য প্রয়োজনে তাঁর দপ্তর হতে একজন কর্মকর্তাকে উক্ত দপ্তরে সংযুক্ত করে দিবেন।

০৫. আলোচনার এক পর্যায়ে সভাপতি হামিদিয়া জুট মিলস্ লি:, হাজীগঞ্জ, চাঁদপুরের বিষয়ে জানতে চান। এ বিষয়ে চেয়ারম্যান, বিজেএমসি জানান যে, গত ২১.১২.১৯৭৮ তারিখে Deed of Agreement for Sale এর মাধ্যমে বিক্রয় করে। উক্ত বিক্রয় চুক্তিতে হামিদিয়া জুট মিলস্ লি: এর ক্রেতা ছিল মেসার্স বারলাপ ইন্টারন্যাশনাল (প্রা:) লি: এবং বিক্রেতা ছিল সরকার।

চলমান পাতা-০২

বিক্রয় চুক্তিতে মিলটির বিক্রয়মূল্য ২,৭১,৭৫,৫৫৫/- (দুই কোটি একাত্তর লক্ষ পঁচাত্তর হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা নির্ধারণ করা হয়। উক্ত টাকার মধ্যে ২০% ডাউন পেমেন্ড বাবদ ক্রেতা কর্তৃক ৫৪,৩৫,১১১/- (চুয়ান্ন লক্ষ পঁয়ত্রিশ হাজার একশত এগার) টাকা পরিশোধ করে। অবশিষ্ট ৮০% বাবদ ২,১৭,৪০,৪৪৪/- (দুই কোটি সতের লক্ষ চল্লিশ হাজার চারশত চুয়াল্লিশ) টাকা সমান ৯ কিস্তিতে পরিশোধ করার কথা উল্লেখ আছে। তবে বিক্রয়মূল্যের সমুদয় অর্থ পরিশোধ করেছে কিনা তার কোন তথ্য সংস্থা/মন্ত্রণালয়ে নেই। মিলটি বর্তমানে বন্ধ আছে। এছাড়া মিল কর্তৃপক্ষ ব্যাংকের নিকট হতে ঋণ গ্রহণ করেছে মর্মে জানা গেছে। সভাপতি মিল কর্তৃপক্ষকে বিক্রয়মূল্য পরিশোধ এবং বিক্রয়চুক্তির শর্ত মোতাবেক মিল পরিচালনা না করে বন্ধ রাখার বিষয়ে কারণ দর্শানো জন্য পত্র দেওয়ার নির্দেশনা প্রদান করেছেন। সচিব মহোদয় পত্রটি চেয়ারম্যান, বিজেএমসি কর্তৃক বিশেষ বাহক মারফতের মাধ্যমে প্রেরণের জন্য এবং এর অনুলিপি ডিসি চাঁদপুর ও ইউএনও কে প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান।

০৬. সভাপতি আরো জানান যে, বিরাষ্ট্রায়ত্ত ৩৫টি পাটকল ও ৩৫টি বস্ত্রকলে দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক চুক্তির শর্ত অনুসারে মিলের পরিচালনা পর্ষদে মন্ত্রণালয় এবং বিটিএমসি/বিজেএমসির প্রতিনিধি থাকার কথা। বেসরকারি মালিকানায় হস্তান্তরিত ৩৫টি পাটকল ও ৩৫টি বস্ত্রকলে মন্ত্রণালয়ের প্রতিনিধিদের তালিকা পাট-২ অধিশাখা হতে সংগ্রহ করে উপস্থাপনের নির্দেশ প্রদান করেন।

০৭. বিস্তারিত আলোচনার পর নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়:

ক. রেজিস্টার, জয়েন্ট স্টক এন্ড ফার্মসসমূহের কার্যালয়কে মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ৩৫টি পাটকল ও ৩৫টি বস্ত্রকলের শেয়ার সংক্রান্ত তথ্য আগামী ০১ (এক) মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো;

খ. চেয়ারম্যান, বিজেএমসি ও বিটিএমসি শেয়ার সংক্রান্ত তথ্য সংগ্রহের লক্ষ্যে জয়েন্ট স্টক এন্ড ফার্মসসমূহের কার্যালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ এবং সহযোগিতা প্রদান করবেন। এ কাজের জন্য চেয়ারম্যান, বিজেএমসি এবং বিটিএমসি স্ব স্ব দপ্তর হতে একজন করে কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করবেন;

গ. হামিদিয়া জুট মিলস্ লি:, চাঁদপুরের বিষয়ে মিল কর্তৃপক্ষকে বিক্রয়মূল্য পরিশোধ এবং বিক্রয়চুক্তির শর্ত মোতাবেক মিল পরিচালনা না করে বন্ধ রাখার জন্য ১৫ (পনের) দিনের সময় দিয়ে কারণ দর্শানোর নোটিশ জারি করতে হবে;

ঘ. বেসরকারি মালিকানায় হস্তান্তরিত ৩৫টি পাটকল ও ৩৫টি বস্ত্রকলে সম্পৃক্ত মন্ত্রণালয়ের প্রতিনিধিদের তালিকা বেসরকারিকরণ ও বিরাষ্ট্রীয়করণ শাখায় সরবরাহের জন্য পাট-২ অধিশাখা থেকে সংগ্রহ করতে হবে।

০৮. আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২১.০৮.২০১৭
(মির্জা আজম, এম.পি)
প্রতিমন্ত্রী
বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নং-২৪.০০.০০০০.২০২.১৮.১২২.১২.৪০১ তারিখ: ২৯.০৮.১৭ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. চেয়ারম্যান, বিজেএমসি, আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা।
০২. চেয়ারম্যান, বিটিএমসি, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
০৩. নিবন্ধক, যৌথমুলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়, ১ কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।
০৪. অতিরিক্ত সচিব (বেওবি/পাট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. যুগ্মসচিব (পাট-২ অধিশাখা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

২৯/৮/১৭
(মো: নাসির উদ্দিন)
সহকারী সচিব
ফোন ৯৫৪০২০২